



সিরাজদিখান (মুন্সীগঞ্জ) : গুয়াখোলা সরকারি প্রাথমিক বিদ্যালয় ভবন

ইত্তেফাক

## গুয়াখোলা স্কুল ভবন ঝুঁকিপূর্ণ দুর্ঘটনার আশঙ্কা

### ■ সিরাজদিখান (মুন্সীগঞ্জ) সংবাদদাতা

সিরাজদিখান উপজেলার গুয়াখোলা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ১নং ভবনটির অবস্থা অভয়ঙ্কর। প্রায় ৪০ বছরের পুরনো এ ভবনটিতে জীবনের ঝুঁকি নিয়ে চলছে শিক্ষাদান।

ভবনটির ছাদ ও দেয়ালের বিভিন্ন জায়গায় ফাটল দেখা দিয়েছে। বিভিন্ন জায়গায় প্লাস্টার খসে রুড বেড়িয়ে মরিচা পড়ে চিকন হয়ে গেছে। কিছুদিন আগে ক্লাস চলাকালে ছাদের প্লাস্টার খসে পড়ে চার ছাত্র আহত হয়েছে। ফ্রোরের বিভিন্ন জায়গায় প্লাস্টার উঠে বড় বড়

গর্তের সৃষ্টি হয়েছে। বৃষ্টি হলেই ছাদ চূয়ে ক্লাস রুমে পানি পড়ে। তাই যেকোন সময় ছাদ ধসে বড় ধরনের দুর্ঘটনার আশঙ্কা রয়েছে।

বিদ্যালয়ের শিক্ষক মো. আতিকুর রহমান জানান, এ ব্যাপারে সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষকে বার বার অভিহিত করেও কোন কাজ হচ্ছে না।

সিরাজদিখান উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা বেলায়েত হোসেন জানান, বিদ্যালয়টির দুরবস্থার কথা শুনেছি। নতুন ভবন নির্মাণের ব্যাপারে কর্তৃপক্ষকে জানাবো।